

💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৬৫৮

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৯২. চাটাইয়ের উপর সালাত আদায় করা

باب الصَّلَاةِ عَلَى الْحَصِيرِ

আরবী

حَدَّثَنَا مُسْلِمُ بْنُ إِبْرَاهِيمَ، حَدَّثَنَا الْمُثَنَّى بْنُ سَعِيدِ الذَّرَّاعُ، حَدَّثَنَا قَتَادَةُ، عَنْ أَنسِ بْنِ مَالِكِ، أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم كَانَ يَزُورُ أُمَّ سُلَيْمٍ فَتُدْرِكُهُ الصَّلَاةُ أَحْيَانًا فَيُصلِّي عَلَى بِسَاطٍ لَنَا وَهُوَ حَصِيرٌ نَنْضَحُهُ بِالْمَاءِ .

صحيح: ق

বাংলা

৬৫৮। আনাস ইবনু মালিক (রাঃ) সূত্রে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মাঝেমধ্যে উম্মু সুলাইম (রাঃ)-কে দেখতে যেতেন। সেখানে কখনো সালাতের সময় হয়ে গেলে তিনি আমাদের (খেজুর পাতার তৈরী) মাদুরের উপর সালাত আদায় করে নিতেন। উম্মু সুলাইম (রাঃ) সেটিকে পানি দিয়ে ধুয়ে দিতেন।[1]

সহীহ : বুখারী ও মুসলিম।

English

Anas b. Malik said; the prophet (ﷺ) used to visit Umm Sulaim. Sometimes the time for prayer would come and he would pray on out carpet that was really a mat. She (Umm Sulaim) used to wash it with water.

ফুটনোট

[1] বুখারী (অধ্যায়ঃ আযান, অনুঃ বাচ্চাদের উযু করা, হাঃ ৮৬০), মুসলিম (অধ্যায়ঃ মাসাজিদ, অনুঃ নাফল সালাত জামা'আতে আদায় করা জায়িয, এবং চাটাইয়ের উপর সালাত আদায় করাও জায়িয) উভয়ে ইসহাক ইবনু



আব্দুল্লাহ ইবনু আবূ ত্বালহা সূত্রে আনাস থেকে তার দাদী মুলাইকাহ থেকে অনুরূপ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন